দৈনিক খবর

তারিখ ... 27 DEC 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

২৫

47

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তুকি

সরকারী সিদ্ধান্ত অনুযায়ী দেশের পৌরকর্পোরেশন ও পৌর এলাকার বাইরে অবস্থিত বেসরকারী বিদ্যালয় ও মাদ্রাসাসহ শিক্ষা প্রতিষ্ঠানে ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রী বেতন ভর্তুকি টাকা বাবদ ১লা জানুয়ারী হতে ৩১শে মে, ১৯৯০ পর্যন্ত ৫ মাসের ভর্তুকির টাকা বিতরণের জন্য অগ্রণী, জনতা, সোনালী ও রূপালী ব্যাংকে প্রদান করা হয়েছে। এ ভর্তুকির টাকা তোলার জন্য নিজ নিজ এলাকার সংশ্লিষ্ট ব্যাংকের সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

উল্লেখ্য, ইতিপূর্বে শুধুমাত্র বেসরকারী বালিকা বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে ১লা জানুয়ারী হতে ৩০শে জুন, ১৯৯০ ইং পর্যন্ত ৬ মাসের ভর্তুকির শতকরা ৫০ ভাগ প্রদান করা হয়েছে। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবশিষ্ট শতকরা ৫০ ভাগ ভর্তুকির টাকা অবিলম্বে প্রেরণ করা হচ্ছে।